ভোরের কাগজ

তারিখ ...

পৃষ্ঠা ১২ কলাম ৩

রা.বিতে ছাত্রী ও সাংবাদিকদের ওপর শিবির ক্যাডারদের হামলা

# প্রোক্টরের পদত্যাগসহ ৫ দফা দাবিতে রাজশাহীর সাংবাদিকদের কর্মসূচি

রা.বি প্রতিনিধি : প্রোক্টরের ইন্ধনে পুলিশের উপস্থিতিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রী ও সাংবাদিকদের ওপর ছাত্রশিবিরের ক্যাডারদের হামলার ঘটনায় প্রোক্টরের পদত্যাগ ও ঘটনার সঙ্গে জড়িত ক্যাডারদের শাস্তিসহ ৫ দফা দাবি নিয়ে বৃহত্তর আন্দোলনের ডাক দিয়েছে রাজশাহীর সাংবাদিক সমাজ। এই আন্দোলনকে বেগবান করতে সাংবাদিকদের একটি লিয়াজোঁ কমিটিও গঠিত হয়েছে। দাবি মেনে নিতে তারা ৭ দিনের আল্টিমেটাম দিয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রশাসনকে।

অপর দিকে গত বুধবার পুলিশ প্রশাসনের অনুমতি না দেওয়ায় রাজশাহী নাগরিক কমিটি নগরীর আলুপট্টি মোড়ে বঙ্গবন্ধু চত্বরে সমাবেশ করতে না পেরে আগামী ৯ সেপ্টেম্বর নগরীতে মহাসমাবেশের ডাক দিয়েছে। সব মিলে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিবির ক্যাডারদের হামলার ঘটনায় ফুঁসে উঠছে পুরো রাজশাহী মহানগরী।

গতকাল বৃহস্পতিবার বিকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক ঘটনায় সাংবাদিকদের ওপর শিবির ক্যাডারদের হামলার ঘটনার প্রতিবাদে রাজশাহী প্রেসক্লাবে রাজশাহীর সাংবাদিক সমাজের এক বৈঠক থেকে এই আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হয়। সাংবাদিকরা এ সময় বিশ্ববিদ্যালয় প্রশাসন ও সরকারের কাছে ৫ দফা তুলে ধরে ৩ সপ্তাহের আন্দোলন কর্মসূচির ঘোষণা দেন। সাংবাদিকদের ৫ দফা দাবি হচ্ছে : সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিতকরণ, রা. বি প্রোক্টরের পদত্যাগ, ঘটনার সঙ্গে জড়িত দোষী শিবির ক্যাডারদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান, সাংবাদিকদের কটাক্ষ করে রাবি প্রশাসনের দেওয়া বক্তব্য প্রত্যাহার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশের মতিহার থানার এসি হাবিবের অপসারণ। এছাড়াও নিটল-টাটা জাতীয় ফুটবল লিগের খেলা চলাকালে রাজশাহী স্টেডিয়ামে ফটো সাংবাদিকদের পুলিশের লাঠিচার্জের ঘটনায় বোয়ালিয়া থানার ওসি শহীদুল হক ও এসি ইয়াকুব আলীর অপসারণ। রাজশাহীর সাংবাদিক সমাজের দাবি মেনে নিতে রা.বি প্রশাসনকে ৭ দিনের আল্টিমেটাম দিয়ে ৩ সপ্তাহের যে কর্মসূচি ঘোষণা করা হয়েছে। তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে আগামী ১৬ সেপ্টেম্বর জেলা প্রশাসকের মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে স্মারকলিপি প্রদান, ২০ সেপ্টেম্বর রাজশাহী সাংবাদিক সমাজের মতবিনিময় এবং ২৭ সেপ্টেম্বর রাজশাহী মহানগরীতে সাংবাদিক-জনতা মহাসমাবেশ।

ঘোষিত কর্মসূচি সমূহ পরিচালনা করতে গঠিত হয়েছে ৮ সদস্যবিশিষ্ট সাংবাদিক লিয়াজোঁ কমিটি। লিয়াজোঁ কমিটির সদস্যরা হলেন, রাজশাহী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক সাইদুর রহমান, মেট্রোপলিটন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৭

## প্রোক্টরের পদত্যাগসহ ৫ দফা দাবিতে

● শেষের পাতার পর

অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক নজরুল হুদা সবুজ, আরইউজের সভাপতি মোস্তাফিজুর রহমান আলম, রাজশাহী বিশ্ববিদ্যালয় রিপোর্টার্স ইউনিটির সভাপতি সমীরকুমার দে, সংবাদপত্র কর্মচারী পরিষদের সভাপতি ইউনুস আলী, ফটোসাংবাদিক আজাহার আলী ও জাবীদ অপু। রাজশাহীর সাংবাদিক সমাজ তাদের আন্দোলন পরিচালনার জন্য বিএফইউজের সভাপতি ইকবাল সোবহান চৌধুরীর কাছে সমর্থন চাইবে। এছাড়া ও তারা আন্দোলন চলাকালে মেট্রোপলিটন পুলিশ ও জামাত-শিবিরের প্রচারণামূলক সকল সংবাদ পরিবেশন থেকে বিরত থাকবেন বলে জানা গেছে।